



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



তাগিদ পত্র

নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৯১/ ৩০৪১/

তারিখ: ২৬.০৯.২০১৯খ্রিঃ

বিষয়:- দাখিলকৃত কমিটির বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র:

- ১) নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৯১/৩০৬৮; তারিখ: ০৮/০৪/২০১৯ খ্রি.
- ২) নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৯১/৩১০৩; তারিখ: ০৮/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার সংস্থা কর্তৃক পরিচালিত বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি সহ ৫ জন সদস্য পদত্যাগ করেন। কমিটির অধিকাংশ সদস্য পদত্যাগ করায় দৃশ্যমান কোন কার্যক্রম না থাকায় কেন কমিটি ভেঙে দেয়া হবে না তার জবাব প্রেরণের জন্য সুপারকে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হয়। কিন্তু সুপার যে জবাব দাখিল করেছেন তা আবেদন দৃষ্টে সঠিক প্রতিয়মান না হওয়ায় সূত্রোক্ত ২ নং স্মারকে পুনরায় কাগজপত্রসহ বোর্ডে স্ব-শরীরে উপস্থিত হয়ে মৌখিক ও লিখিত বক্তব্য দাখিল করার জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু অধ্যাবদি তিনি বোর্ডে হাজির না হয়ে পুনরায় জবাব প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় বোর্ডে হাজির না হয়ে পুনরায় জবাব প্রেরণ করায় শেষ বারের মত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে স্ব-শরীরে উপস্থিত হয়ে মৌখিক ও লিখিত বক্তব্য নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

সুপার, লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা
সদর, চাঁদপুর

নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৯১/

তারিখ: .০৯.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার সদর, চাঁদপুর;
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪